মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নম্বর-৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ
ফোনঃ ০২৯৯৭৭১০৭৬১, Email: chairmanbisemmym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর-মশিবো/কলেজ/২০২৬/৩৩৯৮ তারিখ: ৩০/০৬/২০২৬খ্রি.

বিষয়ঃ উচ্চমাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শাখা খোলার অনুমতি প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৫.২১.১৩০ তারিখঃ ২২/০৬/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন "পলাশীহাটা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ" এ উচ্চমাধ্যমিক পর্যায়ে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিম্নলিখিত বিষয়সমূহসহ বিজ্ঞান শাখা খোলার অনুমতি প্রদান করা হলো।

শাখা	বিষয়সমূহ
বিজ্ঞান	১. পদার্থ বিজ্ঞান ২. রসায়ন ৩. উচ্চতর গণিত ৪. জীব বিজ্ঞান

শর্তসমূহঃ

১. শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
২. আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
৩. ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোনো শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হবে না;
৪. কলেজের কোনো শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
৫. উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
৬. সরকার প্রয়োজন মনে করলে যে কোনো সময় যে কোনো শর্ত আরোপ করতে পারবে;
৭. বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
৮. কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
৯. উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- বিজ্ঞান শাখা: ৫০জন।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ
(প্রফেসর এস.এম. আরিফুর রহমান)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

অধ্যক্ষ
পলাশীহাটা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ (১১১৩৯৭)
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

স্মারক নম্বর-মশিবো/কলেজ/২০২৬/৩৩৯৮ তারিখ: ৩০/০৬/২০২৬খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১.সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩.পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪.সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)
৫.অফিস কপি।

৩০/০৬/২৬

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ